

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
“পল্লী ভবন”
৫, কাওরান বাজার, ঢাকা।

জিইপি যোগে

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০২.০০.২৩০.১৩. ২০৪৬৬(১)

তারিখঃ ১৫/১২/১৯৯৪।

বিষয়ঃ ভেড়ামারা ইউসিসিএলিঃ'র ঘূর্ণায়মান পল্লী উন্নয়ন ঋণ তহবিল/ আবর্তক (কৃষি) ঋণ তহবিল খাতে বিশেষ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভেড়ামারা ইউসিসিএলিঃ'কে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে “ঘূর্ণায়মান পল্লী উন্নয়ন ঋণ তহবিল” শিরোনামে আবর্তক (কৃষি) ঋণ তহবিল খাতে বিশেষ বরাদ্দ হিসেবে ২০.০০ (বিশ) লক্ষ টাকার একখানা একাউন্ট পেয়ী চেক (চেক নং-০০০৮২৩৫ তারিখ-১০/১২/২০১৯ খ্রিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক, কারওয়ান বাজার কর্পোরেট শাখা, ঢাকা এতৎসংযুক্ত করে প্রেরণ করা হলো। উল্লেখ্য, সরকার কর্তৃক অনুমোদিত বিদ্যমান আবর্তক (কৃষি) ঋণ নীতিমালা ও নিম্নবর্ণিত শর্তে প্রদত্ত তহবিল ঋণ হিসেবে বিতরণ ও আদায় করতে হবে।

শর্তাবলীঃ-

- ১) প্রদত্ত অর্থ আবর্তক (কৃষি) ঋণ পরিচালন নীতিমালা মোতাবেক “ঘূর্ণায়মান পল্লী উন্নয়ন ঋণ তহবিল হিসাব” শিরোনামে স্থানীয় যেকোন রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের একটি লাভজনক হিসাব-এ সংরক্ষণ করতে হবে। এ খাতে পূর্বে প্রাপ্ত (যদি থাকে) ঋণ তহবিলের সাথে এ অর্থ একই হিসাব-এ জমা করতে হবে।
- ২) বর্ণিত অর্থ ঋণ তহবিল বহির্ভূত অন্য কোন খাতে কোনক্রমেই ব্যবহার করা যাবে না।
- ৩) বিদ্যমান ১১% (Flat rate) সেবামূল্য হিসাব করে ঋণ বিতরণ ও আদায় করতে হবে। ১১% সেবামূল্যের বিভাজন নিম্নরূপঃ-

১) আরএলএফ প্রবৃদ্ধি	:	২.৫%
২) কর্মচারীদের বেতন ভাতা	:	৭%
৩) কু-ঋণ তহবিল	:	০.৫%
৪) পরিচালন ব্যয়/ওভারহেড ব্যয়	:	১%

(সদর দপ্তর ০.২০%, জেলা দপ্তর ০.১০%, ইউসিসিএ ০.৭০%)

- ৪) প্রবৃদ্ধি খাতে আদায়কৃত অর্থ মূল ঋণ তহবিলের সাথে যুক্ত হবে এবং তা ঘূর্ণায়মান পদ্ধতিতে ব্যবহৃত হবে।
- ৫) ঋণ তহবিলের হিসাব অভ্যন্তরীণ ও বহিঃ নিরীক্ষার জন্য উন্মুক্ত থাকবে।
- ৬) ঋণ তহবিল ব্যবহারে বিদ্যমান নীতিমালা লংঘিত হলে সংশ্লিষ্ট ইউআরডিও/এআরডিও এবং হিসাবরক্ষকের উপর দায় বর্তাবে।
- ৭) সদর দপ্তরে রিপোর্ট/রিটার্ন প্রেরণের ক্ষেত্রে প্রাপ্ত ঋণ তহবিলের সঠিক ও নির্ভুল হিসাব প্রদর্শন করতে হবে।
- ৮) বিতরণকৃত ঋণ যথাসময়ে আদায় করতে হবে এবং কোন অবস্থাতেই ঋণ খেলাপী করা যাবে না।
- ৯) ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে অবশ্যই সাপ্তাহিক আদায়শীট (WCS) ব্যবহার নিশ্চিত করতে হবে।

সংশ্লিষ্ট ইউসিসিএলি.এ উপর্যুক্ত চেকখানা হস্তান্তর করে এতৎসংক্রান্ত প্রাপ্তি স্বীকার পত্র সদর দপ্তরের সরেজমিন বিভাগের ঋণ শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।


সুকুমার চন্দ্র দাস
যুগ্মপরিচালক (সিসিএম)
ফোন ০২৮-১৮০০১৩

উপপরিচালক

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
কুষ্টিয়া।

অনুলিপিঃ

১। সভাপতি/ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভেড়ামারা, কুষ্টিয়া।

১। উপপরিচালক (হিসাব) বিআরডিবি, ঢাকা।

২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


-ছক-


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

ইউসিসিএলিঃ'এ ঘূর্ণায়মান পল্লী উন্নয়ন ঋণ তহবিল/ আবর্তক (কৃষি) ঋণ তহবিল খাতে বিশেষ বরাদ্দের বিপরীতে প্রদত্ত চেকের
প্রাপ্তিস্বীকার পত্র

জেলার নামঃ

ক্রঃ নং	ইউসিসিএ'র নাম	প্রাপ্ত ঋণ তহবিলের পরিমাণ (লক্ষ টাকায়)	চেক নং	চেকের তারিখ ও ব্যাংক শাখার নাম	চেক গ্রহণকারীর স্বাক্ষর ও পদবী	মন্তব্য


মঃ রাশেদুল আলম
ইকসারী পরিচালক (ঋণ)
বিআরডিবি, ঢাকা।


28/04/22
ফেরদৌস মাসুদুল
উপপরিচালক (ঋণ)
বিআরডিবি, ঢাকা।